

দ্রুত পরিবর্তনশীল বিশ্বে ব্যর্থ হওয়ার একটিমাত্র উপায় আছে, সেটি হল ঝুঁকি না নেওয়া।
মার্ক জুকেরবার্গ

কাজের কথা

সেরা চাকরির সুলুকসন্ধান

উত্তরবঙ্গ সংবাদ ৬ ডিসেম্বর ২০১৮

উত্তর–পূর্ব রেলে ৭৪৫ অ্যাপ্রেন্টিস

উত্তর–পূর্ব রেল অ্যাপ্রেন্টিস হিসেবে ৭৪৫ জন কর্মী নিয়োগ করবে। কোনো স্বীকৃত পর্ষদ বা বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে মাধ্যমিক পাস ছেলেরা এনসিভিটির অনুমোদিত আইটিআই থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাস করলে আবেদনযোগ্য। আবেদনের শেষ তারিখ ২৯ ডিসেম্বর

উত্তর–পূর্ব রেল অ্যাপ্রেন্টিস হিসেবে ৭৪৫ জন লোক নিচ্ছে। কোনো স্বীকৃত পর্ষদ বা বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে মাধ্যমিক পাস ছেলেরা এনসিভিটির অনুমোদিত আইটিআই থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাস করলে আবেদন করতে পারেন।
বয়স হতে হবে ২৯–১২–২০১৮ হিসেবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে।
১ বছরের ট্রেনিং।
শূন্যপদ ঃ মেকানিক্যাল ওয়ার্কশপ গোরক্ষপুর ২০৩টি। এর মধ্যে ফিটার ৬৯টি, ওয়েল্ডার ৩১, ইলেক্ট্রিশিয়ান ৮, কার্পেন্টার ৪৪, পেইন্টার ৪৩, মেশিনিস্ট ৮।
সিগন্যাল ওয়ার্কশপ গোরক্ষপুর ক্যান্ট ৬৩টি। এর মধ্যে ফিটার ৩১, মেশিনিস্ট ৬, ওয়েল্ডার ৮, কার্পেন্টার ৩, টার্নার ১৫।
ব্রিজ ওয়ার্কশপ গোরক্ষপুর ক্যান্ট ৩৫টি। এর মধ্যে ফিটার ২০, মেশিনিস্ট ৪, ওয়েল্ডার ১১।
ডিজেল শেড ইজ্জত নগর ৬০টি। এর মধ্যে ইলেক্ট্রিশিয়ান ৩০, মেকানিক ডিজেল ৩০।
ক্যারেজ অ্যান্ড ওয়াগন ইজ্জত নগর ৬৪টি। এর মধ্যে ফিটারে ৬৪।
ক্যারেজ অ্যান্ড ওয়াগন, লখনউ জংশন ১৫৫টি। এর মধ্যে ফিটার ১২২, ওয়েল্ডার ৬, কার্পেন্টার ১১, ট্রিমার ৬, মেশিনিস্ট ৬, পেইন্টার ৬।
ডিজেল শেড গন্ডায় ৯০টি। এর মধ্যে ওয়েল্ডার ২, ইলেক্ট্রিশিয়ান ২০, মেকানিক ডিজেল ৫৫টি, ফিটার ১৩।
ক্যারেজ অ্যান্ড ওয়াগন বারাণসী ৭৫টি। এর মধ্যে ফিটার ৬৭, ওয়েল্ডার ২, কার্পেন্টার ৩, ট্রিমার ২, পেইন্টার ২।
১৯৬১ ও ১৯৬২ সালের অ্যাপ্রেন্টিস নিয়মানুযায়ী ট্রেনিং। তখন স্টাইপেন্ড পাবেন। হস্টেল নেই।
মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে ও আইটিআই কোর্স পাসের সার্টিফিকেট ও অন্যান্য প্রমাণপত্র দেখে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে।
কোনো লিখিত পরীক্ষা বা ইনটারভিউ হবে না। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলে বাড়তি কোনো সুযোগ পাবেন না।
মোট শূন্যপদের ১.৫ গুণ প্রার্থীকে সার্টিফিকেট ভেরিফিকেশনের জন্য ডাকা হবে।
দরখাস্ত করবেন অনলাইনে ২৯ ডিসেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে ঃ www.ner.indianrailways.gov.in
এর জন্য বৈধ ই–মেল আইডি থাকতে হবে।
প্রথমে উপরের ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে।
তারপর পরীক্ষার ফি বাবদ ১০০ টাকা অনলাইনে জমা দিতে হবে। তপশিলি, প্রতিবন্ধী ও মহিলাদের ফি দিতে লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।
আরও বিস্তারিত তথ্য পাবেন প্রতিবেদনে উল্লিখিত উপরোক্ত ওয়েবসাইটে।

স্কলারশিপের খোঁজখবর

টাটা ট্রাস্টস মেডিক্যাল অ্যান্ড হেলথকেয়ার স্কলারশিপ ২০১৮–১৯
মেডিক্যাল সায়েন্স ও হেলথকেয়ার শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়তে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে টাটা ট্রাস্টস। স্নাতক স্তরে দ্বিতীয় বর্ষে পাঠরত এবং স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে পাঠরতরা আবেদনের যোগ্য। স্কলারশিপ বাবদ টিউশন ফিয়ের ৩০ থেকে ৮০ শতাংশ খরচ দেওয়া হবে।
অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে http://www.b4s.in/karma/TTM3
আবেদনের শেষ তারিখ ২১ ডিসেম্বর।

বাথ স্পা ইউনিভার্সিটি মেরিটোরিয়াস স্কলারশিপ ফর জানুয়ারি ২০১৯
বিজনেস ম্যানেজমেন্টে স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে ব্রিটেনের বাথ স্পা বিশ্ববিদ্যালয়। পড়াশোনার খরচ বাবদ দেওয়া হবে ১,০০০ ব্রিটিশ পাউন্ড।
আবেদনের যোগ্যতা ঃ অন্তত ৫০ শতাংশ নম্বর সহ স্নাতক। উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৭০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা আই ই এল টি এস পরীক্ষায় অন্তত ৬.০ স্কোর করে থাকতে হবে।
অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে http://www.b4s.in/karma/BSU2
আবেদনের শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

ন্যাশনাল মিনস–কাম মেরিট স্কলারশিপ
নবম শ্রেণিতে পাঠরত ১ লাখ মেধাবী ছাত্র–ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীনস্থ স্কুল এডুকেশন অ্যান্ড লিটারেসি বিভাগ।
আবেদনের যোগ্যতা ঃ অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ সপ্তম ও অষ্টম শ্রেণি পাস। বার্ষিক পারিবারিক আয় হতে হবে দেড় লাখ টাকার নীচে।
স্কলারশিপের পরিমাণ ঃ প্রতি মাসে ৫০০ টাকা।
অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে ঃ http://www.b4s.in/karma/NMC5
আবেদনের শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

এল অ্যান্ড টি কনস্ট্রাকশন বিল্ড ইন্ডিয়া স্কলারশিপ
কনস্ট্রাকশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্টে এমটেক পড়তে আগ্রহী ছাত্র–ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এল অ্যান্ড টি কনস্ট্রাকশন।
আবেদনের যোগ্যতা ঃ অন্তত ৬৫ শতাংশ নম্বর সহ সিভিল বা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বিই বা বিটেক কোর্স পাস।
স্কলারশিপের পরিমাণ ঃ স্টাইপেন্ড বাবদ দেওয়া হবে প্রতি মাসে ১৩,৪০০ টাকা।
প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন লিখিত পরীক্ষা এবং ইনটারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৪ ফেব্রুয়ারি। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে ঃ www.lntecc.com
আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ন্যাশনাল ইনস্টিটিউট অফ নিউট্রিশনে ৪৪

টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, টেকনিশিয়ান, টেকনিক্যাল অফিসার ও মাল্টি টাস্কিং স্টাফ পদে ৪৪ জনকে নেবে হায়দরাবাদের আই সি এম আর ন্যাশনাল ইনস্টিটিউট অফ নিউট্রিশন।
শূন্যপেদর বিন্যাস ঃ টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট – ২০টি।
যে শাখা থেকে নিয়োগ হবে – লাইফ সায়েন্স, সোশ্যাল সায়েন্স, বটানি, জুলজি, কেমিস্ট্রি, অ্যানথ্রপলজি, ক্রিয়েটিভ রাইটার, কনটেন্ট ডেভেলপার, কম্পিউটার সায়েন্স, কমিউনিকেশনিস্ট, ফুড নিউট্রিশন, ডায়েটেটিক্স, সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং ফার্মাসি।
বেতন – ৩৫,৪০০–১,১২,৪০০ টাকা।
টেকনিশিয়ান – ১৬টি।
যে শাখা থেকে নিয়োগ হবে – ল্যাবরেটরি, ফোটোগ্রাফি, সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল।
বেতন – ১৯,৯০০–৬৩,২০০ টাকা।
টেকনিকক্যাল অফিসার – ৫টি।
যে শাখা থেকে নিয়োগ হবে – লাইফ সায়েন্স, মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম, স্ট্যাটিস্টিক্স।
বেতন – ৫৬,১০০–১,৭৭,৫০০ টাকা।
মাল্টি টাস্কিং স্টাফ – ৩টি।
যে সমস্ত পদে নিয়োগ হবে – কার্পেন্ট্রি, মেসন, ল্যাবরেটরি ডিসিপ্লিন থেকে।
বেতন – ১৮,০০০–৫৬,৯০০ টাকা।
অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.ninindia.org
অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৪ ডিসেম্বর।
নিয়োগ সংক্রান্ত বিশদ তথ্য দেখুন এই ওয়েবসাইটে www.icmr.nic.in

উত্তর–মধ্য রেলে ৪৪৬ জনকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৪৪৬ জন তরুণ–তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেওয়া হবে উত্তর–মধ্য রেলের ঝাঁসি ডিভিশনে। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট ১৯৬১ অনুসারে এক বছরের ট্রেনিং হবে বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে নিয়মানুসারে স্টাইপেন্ড পাওয়া যাবে।
ট্রেড অনুসারে আসন – ফিটার ঃ ২২০টি।
ওয়েল্ডার ঃ ১১টি।
মেকানিক ঃ ৭২টি।
মেশিনিস্ট ঃ ১১টি।
পেন্টার ঃ ১১টি।
কার্পেন্টার ঃ ১১টি।
ইলেক্ট্রিশিয়ান ঃ ৯৯টি।
লোহার, ব্ল্যাক স্মিথ ঃ ১১টি।
শিক্ষাগত যোগ্যতা ঃ মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই সার্টিফিকেট।
বয়স ঃ ১৭.১২.২০১৮ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে।
প্রার্থী বাছাই পদ্ধতি ঃ মেধার ভিত্তিতে করা হবে। মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের নথিপত্র যাচাই করা হবে।
প্রার্থীদের মেডিক্যাল পরীক্ষা নেওয়া হবে।
আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে www.ncr.indianrailways.gov.in
মনে রাখবেন, আবেদন করতে বসার আগে প্রার্থীকে অবশ্যই অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.apprenticeship.gov.in
পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন –
১. স্ব–প্রত্যয়িত দুকপি পাসপোর্ট মাপের ফোটো।
২. ফি বাবদ ১০০ টাকার ইন্ডিয়ান পোস্টাল অর্ডার।
৩. শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্রের স্ব–প্রত্যয়িত নকল।
৪. বয়সের প্রমাণপত্রের স্ব–প্রত্যয়িত নকল।
৫. কাস্ট এবং ওবিসি সার্টিফিকেটের নকল।
৬. দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেটের স্ব–প্রত্যয়িত নকল।
৭. আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
৮. যথাযথভাবে পূরণ করা কল লেটার।
আবেদনপত্র ভরা খামের উপর লিখবেন Application for Act Apprentice Jhansi Division 2018–19
১৭ ডিসেম্বরের মধ্যে আবেদনপত্র পৌঁছোতে হবে এই ঠিকানায় Office of the Divisional Railway Manager, personnel Dept. North Central Railway, Jhansi, U.P. 284003
বিস্তারিত তথ্যের জন্য দেখুন প্রতিবেদনে উল্লিখিত উপরোক্ত ওয়েবসাইট।

রাজ্যে ২৯ স্বাস্থ্যকর্মী

চূড়ান্ত ফর্ম জমা দেবার শেষ তারিখ ২১ ডিসেম্বর

পশ্চিমবঙ্গ রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি এনপিপিসিডি বিভাগে কাজের জন্য অডিওলজিস্ট, অডিওমেট্রিক অ্যাসিস্ট্যান্ট ও ইন্সট্রাক্টর পদে ২৯ জন ছেলেমেয়ে নিচ্ছে।
কারা কোন পদের যোগ্য ঃ
অডিওলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গোয়েজ প্যাথলজির ডিগ্রি বা আরসিআই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বিএসসি কোর্স পাসরা অডিওলজিস্ট পদের যোগ্য। বয়স হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩০,০০০ টাকা। শূন্যপদ ৮টি।

হিয়ারিং, ল্যাঙ্গোয়েজ অ্যান্ড স্পিচ–এর ১ বছরের ডিপ্লোমা কোর্স পাসরা অডিওমেট্রিক অ্যাসিস্ট্যান্ট পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৯ থেকে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৫,০০০ টাকা। শূন্যপদ ১৩টি।
ডিএল, আর্লি চাইল্ডহুড স্পেশাল এডুকেশনের ডিপ্লোমা, বিএড কোর্স পাসরা ইন্সট্রাক্টর পদের যোগ্য। বয়স হতে হবে ১৯ থেকে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৫,০০০ টাকা।
শূন্যপদ ৮টি।
প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। অডিওলজিস্ট পদের বেলায় উচ্চমাধ্যমিকের জন্য ১৫ নম্বর, ডিগ্রি কোর্সের জন্য ২০ নম্বর, অভিজ্ঞতা ১০ নম্বর, ইনটারভিউ ৫ নম্বর।
অডিওমেট্রিক ও ইন্সট্রাক্টর পদের বেলায় উচ্চমাধ্যমিকের জন্য ১৫ নম্বর, পেশাগত যোগ্যতার জন্য ২০ নম্বর, অভিজ্ঞতা ১০ নম্বর, ইনটারভিউ ৫ নম্বর।
দরখাস্ত করবেন অনলাইনে ১৫ ডিসেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে www.wb-health.gov.in
ফি বাবদ ১০০ টাকা অনলাইন বা অফলাইনে দিতে হবে ১৮ ডিসেম্বরের মধ্যে। অনলাইনে টাকা জমা দেবেন ডেবিট, ক্রেডিট বা নেট ব্যাংকিংয়ের মাধ্যমে।
অফলাইনে টাকা জমা দেবেন ইউনাইটেড ব্যাংক অফ ইন্ডিয়ার ই–চালানে। চূড়ান্ত ফর্ম জমা দেবার শেষ তারিখ ২১ ডিসেম্বর।
বিস্তারিত তথ্য পাবেন প্রতিবেদনে উল্লিখিত উপরোক্ত ওয়েসাইটে।

এইমসে ডাক্তারির ডিগ্রি কোর্স

অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সের পশ্চিমবঙ্গের কল্যাণী শাখা, ভুবনেশ্বর, দেওগড়, গোরক্ষপুর, যোধপুর, মঙ্গলগিরি, নাগপুর, পাটনা, রায়পুর, রায়বেরেলি, ঋষিকেশ ও তেলেঙ্গানা শাখায় ডাক্তারির ডিগ্রি কোর্সে ভরতির এনট্রান্স পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।
ইংরেজি, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাসরা ওই বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।
প্রার্থী বাছাই হবে ২০১৯ সালের এমবিবিএস পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস। এজন্য এনট্রান্স পরীক্ষা হবে ২৫ ও ২৬ মে।
প্রথম শিফটে পরীক্ষা হবে ৯টা থেকে সাড়ে ১২টা।
দ্বিতীয় শিফটে দুপুর ৩টে থেকে সাড়ে ৬টা পর্যন্ত।
পরীক্ষা হবে কলকাতা সহ সারা ভারতের বিভিন্ন কেন্দ্রে। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১৫ মে থেকে।
প্রথমে বেসিক রেজিস্ট্রেশন করতে পারবেন ৩০ নভেম্বর থেকে ৩ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে www.aiimsexams.org
কোনো রকম ভুল সংশোধন করতে পারবেন ৮ জানুয়ারি থেকে ১৮ জানুয়ারি পর্যন্ত। চূড়ান্ত রেজিস্ট্রেশন করতে পারবেন ২৯ জানুয়ারি থেকে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত। আরও বিস্তারিত তথ্য পাবেন প্রতিবেদনে উল্লিখিত উপরোক্ত ওয়েবসাইটে।

হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতক কোর্সের প্রবেশিকা পরীক্ষা

হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের বিএসসি কোর্সে ভরতি নিচ্ছে ন্যাশনাল কাউন্সিল ফর হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড কেটারিং টেকনোলজি।
২০১৯–২০ শিক্ষাবর্ষে স্নাতক কোর্সটি পড়া যাবে কলকাতার তারাতলার ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট সহ কাউন্সিল কর্তৃক অনুমোদিত মোট ৬৩টি সরকারি–বেসরকারি প্রতিষ্ঠানে।

কোর্সের মেয়াদ সাড়ে ৩ বছর।
প্রার্থী বাছাই করবে ন্যাশনাল টেস্টিং এজেন্সি।
প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৭ এপ্রিল।
পরীক্ষায় প্রশ্ন হবে যে সব বিষয় –
১. নিউমেরিক্যাল এবিলিটি অ্যান্ড অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড,
২. রিজনিং অ্যান্ড লজিক্যাল ডিডাকশন,
৩. জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, ৪. অ্যাপ্টিটিউড ফর সার্ভিস সেক্টর এবং
৫. ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ে।
সময়সীমা – ৩ ঘন্টা।
অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.nta.ac.in
আবেদন গ্রহণ পক্রিয়া শুরু হবে ১৫ জানুয়ারি থেকে।
এই কোর্স সম্পর্কে বিশদে জানতে চোখ রাখুন প্রতিবেদনে উল্লিখিত উপরোক্ত ওয়েবসাইটে।

পুরসভায় মজদুর, পিয়োন, হেল্পার, মেসেঞ্জার পদে ৫৭

উত্তর দমদম পুরসভায় মজদুর, পিয়োন, হেল্পার, ডোম, জিডিএ ও মেসেঞ্জার পদে ৫৭ জন কর্মী নিয়োগ করা হবে।
কারা কোন পদের যোগ্য ঃ
মজদুর– ক্লাস এইট পাসরা যোগ্য। ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে ৪,৯০০–১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ ৪৬টি।
পিয়োন – ক্লাস এইট পাসরা যোগ্য। ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে ৪,৯০০–১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ ৫টি।
হেল্পার – ক্লাস এইট পাসরা যোগ্য। ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে ৪,৯০০–১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা।
ডোম – ক্লাস এইট পাসরা যোগ্য। ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে ৪,৯০০–১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ ১টি।
জিডিএ – ক্লাস এইট পাসরা যোগ্য। ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে ৪,৯০০–১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ ১টি।
মেসেঞ্জার – ক্লাস এইট পাসরা যোগ্য। ভালো স্বাস্থ্য ও খেলাধূলায় দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে ৪,৯০০–১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ ১টি।
উপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১–১১–২০১৮র হিসেবে। তপশিলিরা ৫ বছর ও ওবিসিরা ৩ বছর বয়সের ছাড় পাবেন।
প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইনটারভিউয়ের মাধ্যমে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে www.northdumdummunicipality.org
দরখাস্তের জন্য যা যা লাগবে –
১. বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশিট, কাস্ট সার্টিফিকেট ও অভিজ্ঞতার সার্টিফিকেটের স্ব–প্রত্যয়িত নকল।
২. এখনকার তোলা ও স্ব–প্রত্যয়িত করা ১ কপি পাসপোর্ট মাপের রঙিন ফোটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় লাগিয়ে)
৩. ২২০ (তপশিলি ও প্রতিবন্ধী হলে ৭০) টাকার ব্যাংক চালান। Chairman, North Dumdum Municipality, UCO Bank A/C No. 07070110076644
IFSC Code – UCBA0000707
দরখাস্ত পৌঁছোনো চাই ১৫ ডিসেম্বরের মধ্যে। এই ঠিকানায় The Chairman, North Dumdum Municipality, 163, M.B. Road, Birati, Kolkata 51